

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০১৮.০০.০০.০০২.২০১১ক-৩৭

তারিখ : ২৭ পৌষ, ১৪২৩  
১০ জানুয়ারী, ২০১৭

বিষয় : চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার ১৭ নং মগধরা ইউপি কমপ্লেক্স ভবন নির্মাণের প্রশাসনিক অনুমোদন প্রদান  
বিষয়ে তথ্য প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসক, চট্টগ্রাম কার্যালয়ের, পত্র নং-৬৬০, তারিখ : ১৯/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার সন্দ্বীপ উপজেলার ১৭ নং মগধরা ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের স্থান নির্বাচনের প্রস্তাবটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৪৬.০১৭.০২২.০০.০০.০১১.২০১৩-৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের শর্তাদি অনুসরণ করে পরিপত্রের ৩নং ক্রমিকে উল্লিখিত নিম্নোক্ত তথ্যাদি যথাযথভাবে সংযোজন করে সুস্পষ্ট মতামতসহ স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

- স্থানীয় সরকার বিভাগের ১৬.০৯.২০১৩ তারিখের ৬৮৫ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের শর্ত মোতাবেক জেলা প্রশাসক নিজে বা উপপরিচালক স্থানীয় সরকার/একজন অতিরিক্ত জেলা প্রশাসকের মাধ্যমে প্রস্তাবিত স্থানটি সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন;
- প্রস্তাবিত জমির অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা চিহ্নিত করে এবং দাগ নম্বর স্পষ্ট করে স্কেচ ম্যাপ (ট্রেসিং পেপারে রঙ্গিন কালিদ্বারা চিহ্নিত করে) এবং কোন দাগে কমপ্লেক্স ভবনটি নির্মিত হবে তা সুস্পষ্টভাবে স্কেচম্যাপে চিহ্নিতকরণ।
- প্রস্তাবিত জমির মূল দলিলের নকলের কপি;
- ইউপি সভার সকর সদস্যদের স্বাক্ষরিত কার্যবিবরণী (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সত্যায়িত হবে); এবং
- প্রস্তাবিত জায়গাটি নতুন জায়গা হলে পরিপত্রের ৩(চ) ক্রমিকে উল্লিখিত নির্দেশনা প্রতিপালন করে প্রস্তাব প্রেরণ।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)

উপসচিব

ফোন : ৯৫৮৬৬০৫

জেলা প্রশাসক

চট্টগ্রাম।

অনুলিপি :

- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।